লেন্স এশিয়া

LENS ASIA

২৭ আগস্ট, ২০২৫

# শাহবাগে শিক্ষার্থীদের ওপর পুলিশের হামলার প্রতিবাদে ঢাকা-রাজশাহী মহাসড়ক অবরোধ



সংগৃহীত ছবি

রাজধানীর শাহবাগে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ওপর পুলিশের হামলার প্রতিবাদে রাজশাহীতে ঢাকা-রাজশাহী মহাসড়ক অবরোধ করেছেন রুয়েটের শিক্ষার্থীরা। বুধবার (২৭ আগস্ট) বিকেলে শুরু হওয়া এ অবরোধে যান চলাচল বন্ধ হয়ে ভোগান্তিতে পড়েন যাত্রীরা। সংঘর্ষে শিক্ষার্থী ও পুলিশের বেশ কয়েকজন আহত হয়েছেন। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে টিয়ারশেল, সাউন্ড গ্রেনেড ও জলকামান ব্যবহার করে পুলিশ। এদিকে সরকারের পক্ষ থেকে আন্দোলনকারীদের ক্লাসে ফেরার আহ্বান জানানো হয়েছে এবং দাবি যাচাইয়ে কমিটি গঠনের ঘোষণা এসেছে।

বুধবার (২৭ আগস্ট) বিকেল ৪টার দিকে রাজশাহীতে ঢাকা-রাজশাহী মহাসড়ক অবরোধ করেন রুয়েটের শিক্ষার্থীরা। এর ফলে সড়কে দীর্ঘ যানজট সৃষ্টি হয় এবং যাত্রীদের ভোগান্তি চরমে পৌঁছায়।

এর আগে তিন দফা দাবিতে রাজধানীর শাহবাগ থেকে প্রধান উপদেষ্টার সরকারি বাসভবন 'যমুনা'র দিকে মিছিল নিয়ে গেলে শিক্ষার্থীদের বাধা দেয় পুলিশ। হোটেল ইন্টারকন্টিনেন্টালের সামনে ধাওয়া-পাল্টাধাওয়ার ঘটনা ঘটে। উত্তেজনা ছড়িয়ে পড়লে পুলিশ টিয়ারশেল, সাউন্ড গ্রেনেড ও পরে জলকামান ব্যবহার করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এতে শিক্ষার্থী ও পুলিশের কয়েকজন আহত হন। আহতদের হাসপাতালে নেওয়া হয়েছে।

এদিকে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের উপদেষ্টা মুহাম্মদ ফাওজুল কবির খান বলেন, প্রকৌশলীদের দাবি যাচাইয়ের জন্য চার উপদেষ্টাকে নিয়ে একটি কমিটি গঠনের প্রক্রিয়া চলছে, যেখানে ইঞ্জিনিয়ারদের প্রতিনিধিও থাকবেন। তিনি শিক্ষার্থীদের ক্লাসে ফেরার আহ্বান জানান।

LENS ASIA